# অনুমোদন প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ

## ১৩.১ ¨Improving Skills & Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar District (ISEC) Project

ILO Bangladesh এর সহযোগিতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পটি কক্সবাজার জেলার সকল উপজেলা পর্যায়ে ১৮ থেকে ৩৫ বছর বয়সের যুবদের নিয়ে অধিদপ্তরের বিদ্যমান প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডসমূহে প্রশিক্ষণ উপকরণসহ অন্যান্য কর্মকান্ডে সহযোগিতা প্রদান করবে। প্রত্যন্ত এলাকার যুব মহিলাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদেরকে আত্মনির্ভরশীল করে সম্পদে পরিণত ও সমাজে সম্মানজনক স্থানে প্রতিষ্ঠিত করবে। প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পটি জুন ২০২৩ হতে নভেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হবে। প্রাক্কলিত ব্যয় ১৭৬৮৮.০০ লক্ষ টাকা এবং চলতি বছরেই কার্যক্রম শুরু হবে।

## ১৩.২ ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' শীর্ষক প্রকল্প

বিভিন্ন কারণে বিনিয়োগ প্রকল্পগুলোর মূল্যায়ন প্রয়োজন। প্রস্তাবিত সকল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৫.০০ কোটি টাকার উপরে। সরকারের বিদ্যমান আইনানুসারে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সম্ভাব্যতা যাচাই করা প্রয়োজন। কোনো ধারণার টেকসইতা যেমন প্রকল্পটি আর্থিক ও কারিগরিভাবে টেকসই এবং একইসংগে অর্থনৈতিকভাবে যৌক্তিক কিনা তা নির্ধারনের জন্য সম্ভাব্যতা যাচাই প্রয়োজন। এদিক থেকে যুব উন্নয়ন অধিদপ্তর একটি সুপরিচিত সরকারি গবেষণা প্রতিষ্ঠান বিআইডিএস দ্বারা তার প্রস্তাবিত ৪টি প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করবে। পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নোক্ত ৪টি প্রকল্প একত্রে বা বিচ্ছিন্নভাবে সম্ভাব্যতা যাচাই ও যৌক্তিকতা নির্ধারণ করে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে। এছাড়াও ভবিষ্যতে নতুন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সহযোগিতা করবে। প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়েছে এবং জুলাই ২০২৩ - জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়িত হবে। প্রাক্কলিত ব্যয় ৪৯৮.০০ লক্ষ টাকা। চলতি বছরেই কার্যক্রম শুরু হবে।

- যুব সংগঠনের কার্যক্রম জোরদার করণপ্রকল্প
- ন্যাশনাল সার্ভিস প্রকল্প
- যুবসমাজকে মাদকাসক্তি থেকে বিরত রাখার লক্ষ্যে যুব সংগঠনের মাধ্যমে বিনোদনমূলক কর্মকাণ্ড ও সচেতনতা বৃদ্ধি প্রকল্প
- আটটি জেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় স্থাপন প্রকল্প।

## ১৩.৩ কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (২য় পর্ব)

গত ২১/০৬/২০২২ খ্রি. প্রকল্পের ডিপিপি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী "কর্মসংস্থান ও আত্মর্কসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (২য় পর্ব)" প্রকল্প , ''যুবদের জন্য গ্রামে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসকরণ" প্রকল্প এবং "যুব উদ্যোক্তা তৈরির জন্য যুবদের সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ" প্রকল্প ০৩ টি কে সমন্বয় করে প্রকল্পের একটি শিরোনাম নির্ধারণ করে ০১টি প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য :**

ক) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত স্থানীয় চাহিদা মোতাবেক বেকার যুবদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করা;
খ) প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত করে দেশে বেকারত্ব ও দারিদ্র্য হ্রাস করা ;
গ) একক/ যৌথ উদ্যোগের মাধ্যমে আয়বর্ধনমূলক কাজে পরিবারের অন্যান্য সদস্যদের সম্পৃক্ত করা ;
ঘ) যুবদের জাতি গঠনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা।

**লক্ষ্যমাত্রাঃ**

- প্রকল্প মেয়াদে ৪,৩৮,৭৫০ জনকে প্রশিক্ষণ প্রদান।
- প্রকল্প মেয়াদে ২,১৯,৩৭৫ জনকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা।
- প্রকল্পটি ০১ জানুয়ারি  ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ মেয়াদে এবং
- ৩১৫৫৪.০০  লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হবে।

## ১৩.৪ ৬৪ জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) প্রকল্প

দেশে-বিদেশে দক্ষ যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, বৈদেশিক মুদ্রা আয় বৃদ্ধিতে সহায়তা এবং শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের কম্পিউটার প্রশিক্ষণে সম্পৃক্ত করার লক্ষ্যে এ প্রকল্প প্রণয়ন করা হয়। ১৭৪৯.৯১ লক্ষ টাকা ব্যয়ে ০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০১৯ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়। ২৯,৮০০ জন বেকার যুবক ও যুবমহিলা কম্পিউটার প্রশিক্ষণ করেছে। পরবর্তীতে ৩০৬৬.০০ লক্ষ টাকা ব্যয়ে ০১-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধন করা হয়। পরবর্তীতে ২য় সংশোধন করে প্রকল্পের মেয়াদ ৩০-০৬-২০২১ পর্যন্ত বৃদ্ধি করে প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ৬১০০.০০ লক্ষ টাকা। এ প্রকল্পের আওতায় কম্পিউটার বেসিক ও আইসিটি এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ প্রদানের জন্য দেশের ৬৪টি জেলায় ৭০টি এবং প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন প্রশিক্ষণ প্রদানের জন্য ৬টি বিভাগীয় শহরে ৬টি সহ মোট ৭৬টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়।

**প্রকল্পের উদ্দেশ্য**

ক) বিদ্যমান ২৭৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ সরবরাহের মাধ্যমে মানসম্পন্ন প্রশিক্ষণ উপযোগী পরিবেশ সৃষ্টি করা ;
খ) দেশে ও বিদেশে কর্মকর্তাদের চাহিদা অনুযায়ী দক্ষ জনবল তৈরিতে সহায়তা করা ;
গ) চাকুরির ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের প্রতিযোগিতায় সহযোগিতার সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা ;
ঘ) যুবদের উপার্জনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে দেশের দারিদ্র্য  হ্রাস করা।

**লক্ষ্যমাত্রা**

- বাস্তবায়ন এলাকাঃ ৬৪ জেলা
- প্রকল্প বাস্তবায়ন কাল ঃ ১ জানুয়ারি  ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।
- প্রকল্পের  প্রাক্কলিত ব্যয়ঃ  ৪৯৯৯.০০ লক্ষ টাকা।

## ১৩.৫ যুব ভবন নির্মাণ প্রকল্প

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য**

- যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের জন্য বহুতল বিশিষ্ট আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন ভবন নির্মাণ।
- আরামদায়ক অনুকূল পরিবেশবান্ধব  পরিবেশে চাকুরীর লক্ষ্যে চাকুরীজীবীদের জন্য ভবন নির্মাণ।
- ভবনে আধুনিক সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ ও মিটিং হলরুম থাকবে।
- ভবনের অভ্যন্তরে দুইস্তরে কার পার্কিং, ক্যাফেটেরিয়া, নামযঘর, গেস্টরুম, অভ্যর্থনা ও ওয়েটিংরুম এবং লিফ্ট-এর ব্যবস্থা থাকবে।
- প্রকল্পটি ০১/০১/২০২৩ থেকে ৩০/০৬/২০২৫ মেয়াদে এবং ৪৮৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.৬ শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ-বিনোদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (১ম পর্ব)

সরকারের নির্বাচনি ইশতেহার-২০১৮ (যুব উন্নয়ন বিষয়ক) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় বর্ণিত আছে-

- প্রতিটি উপজেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়ার পাসাপাশি এই কেন্দ্রগুলোকে পর্যায়ক্রমে তরুণ কর্মসংস্থান কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে।
- "তরুণদের সুস্থ বিনোদনের জন্য প্রতিটি উপজেলায় গড়ে তোলা হবে একটি করে যুব বিনোদন কেন্দ্র যেখানে থাকবে বিভিন্ন ইনডোর গেমসের সুবিধা, মিনি সিনেমা হল, লাইব্রেরি, মাল্টিমিডিয়া সেন্টার, সাহিত্য ও সংস্কৃতি কর্ণার, মিনি থিয়েটার ইত্যাদি"।

উল্লিখিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ-বিনোদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (১ম পর্ব) গ্রহণ করা হয়।

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য**

- দক্ষতাবৃদ্ধিমূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে অনুৎপাদনশীল যুবসমাজকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং উৎপাদনমুখি শক্তিতে রূপান্তর করা।
- বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়ার পাসাপাশি এই কেন্দ্রগুলোকে পর্যায়ক্রমে 'তরুণ কর্মসংস্থান কেন্দ্র' হিসেবে গড়ে তোলা হবে।
- তরুণদের সুস্থ বিনোদনের ব্যবস্থা করা।
- প্রকল্পটি ০১/০৭/২০২৩ থেকে ৩০/০৬/২০২৬ মেয়াদে এবং ৬৬৩৩৮৪.১১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.৭ গোপালগঞ্জ, রাজশাহী, নাটোর, নড়াইল, ফেনী, ভোলা, ব্রাহ্মণবাড়িয়া ও বরিশাল জেলায় উপপরিচালকের কার্যালয়সহ যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

জেলা পর্যায়ে নির্মিত যুব প্রশিক্ষণ কেন্দ্রে উপপরিচালকের কার্যালয় স্থানান্তর করা হয়েছে। গোপালগঞ্জ, রাজশাহী, নাটোর, ফেনী, ভোলা, ব্রাহ্মণবাড়িয়া ও বরিশাল জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র উপজেলায় নির্মিত হওয়ায় উপপরিচালকের কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে স্থানান্তর করা সম্ভব হচ্ছেনা। নড়াইল জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র জেলা সদরে নির্মিত হলেও পদ্মা সেতুর রেল সংযোগ প্রকল্পের প্রয়োজনে উক্ত যুব প্রশিক্ষণ কেন্দ্রের অর্ধেকের বেশি জমি অধিগ্রহণ করায় কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম সহ প্রশাসনিক কার্যক্রম বাস্তবায়নে সমস্যা হচ্ছে। ফলে এসব জেলায় উপপরিচালকের কার্যালয় ও তার কার্যালয়াধীন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ বিভিন্ন ভবনে ভাড়ায় পরিচালিত হওয়ায় প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয়ে সমস্যা হচ্ছে এবং যুবদের কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। বর্ণিত সমস্যা উত্তরণে গোপালগঞ্জ, রাজশাহী, নাটোর, নড়াইল, ফেনী, ভোলা, ব্রাহ্মণবাড়িয়া ও বরিশাল জেলার জেলা সদরে প্রশিক্ষণ সুবিধা সহ উপরিচালকের কার্যালয় নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

- আন্তর্জাতিক মানসম্পন্ন যোগ্য ও দক্ষ মানবসম্পদ তৈরি করা।
- প্রকল্পটি ০১/০৭/২০২৩ থেকে ৩০/০৬/২০২৬ মেয়াদে এবং ২৫০৬১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.৮  যুবদের কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর প্রকল্প

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:**

ক) কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করা;

খ) দক্ষ মানবসম্পদের জন্য দেশে ও বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

গ) যুবদের উপার্জনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে দেশে দারিদ্র্য হ্রাস করা;

ঘ) বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় বৃদ্ধি করা।

**লক্ষ্যমাত্রা**

- বাস্তবায়ন এলাকাঃ ৬৪ জেলা
- প্রকল্প মেয়াদে ২৮৮০০জনকে প্রশিক্ষণের ব্যবস্থা করা
- প্রকল্পটি ০১/০৭/২০২২ থেকে ৩১/০৬/২০২৫ মেয়াদে এবং ১৪৩৩১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.৯  কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প

কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের অবকাঠামো সম্প্রসারণ, সংস্কার এবং আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের জন্য প্রশিক্ষণ সুবিধা উন্নয়নের লক্ষ্যে এ প্রকল্প প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের অবকাঠামো সম্প্রসারিত ও প্রশিক্ষণ সুবিধা উন্নত হবে। ইতোমধ্যে ভবনের নকশা প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রকৌশল শাখার তত্ত্বাবধানে  নির্মাণ করা হবে।

প্রকল্প এলাকা : সাভার, ঢাকা।

- ২১৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা;
- ১৩ টি সেমিনার ও কর্মশালা  আয়োজন করা;
- প্রকল্প মেয়াদে ২০ জন কর্মকর্তার বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- প্রকল্পটি ০১/০৭/২০২৩ হতে ৩০/০৬/২০২৬ মেয়াদে এবং ১৫৩৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.১০  ন্যাশনাল সার্ভিস প্রকল্প

ন্যাশনাল সার্ভিস কর্মসূচির বিকল্প হিসেবে ন্যাশনাল সার্ভিস প্রকল্প গ্রহণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**বাস্তবায়নকাল** : ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ সাল পর্যন্ত।

**প্রকল্প এলাকা** : সকল উপজেলা।

**লক্ষ্যমাত্রা**

- উচ্চমাধ্যমিক ও তদূর্ধ্ব শিক্ষায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলাদের জন্য ২ (দুই) বছর মেয়াদি অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি;
- কর্মক্ষম জনগোষ্ঠিকে মানবসম্পদে রূপান্তরিত করে উৎপাদন বৃদ্ধি করা;
- প্রশিক্ষিত যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য নিরসনে সহায়তা করা;
- প্রকল্প মেয়াদে ১০০২০০ জনের অস্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করা।

প্রকল্পটি ২৪১৫৬৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.১১ যুব সংগঠনের কার্যক্রম জোরদারকরণ প্রকল্প

স্থানীয় উন্নয়নে যুব সংগঠনের অংশগ্রহণ নিশ্চিত করা ও কর্মক্ষম জনগোষ্ঠিকে সংগঠিত করে উৎপাদন বৃদ্ধি করা। উন্নয়নের পাসাপাশি গ্রামীণ সাংস্কৃতিক কর্মকাণ্ড ও খেলাধুলা আয়োজনের মাধ্যমে বিনোদনের ব্যবস্থা করা। যুব সংগঠনের সদস্যদের আত্মকর্মসংস্থান/ সৃজনশীল কাজের স্বীকৃতি প্রদান করা।

**বাস্তবায়নকাল** : ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬
**প্রকল্প এলাকা** : ৫০০ উপজেলা

**লক্ষ্যমাত্রা**

- ২৪৮০টি যুব সংগঠন/ যুব ক্লাবকে প্রকল্পের কাজে সম্পৃক্ত করা;
- প্রকল্প মেয়াদে ১৪৯১টি কর্মশালা আয়োজন করা;
- প্রকল্প মেয়াদে ৭৪৪০টি এ্যাডভোকেসি সভা আয়োজন করা;
- প্রকল্প মেয়াদে ৭৪৪০টি ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা;
- প্রকল্প মেয়াদে ৭৪৪০টি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা;
- প্রকল্প মেয়াদে ১৪৮৮০টি স্বাস্থ্য সেবা কর্মসূচির মাধ্যমে ১৪৮৮০ জন দরিদ্র মানুষকে বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ সরবরাহ করা;
- প্রকল্প মেয়াদে ৭৪৪০০০টি গাছের চারা রোপণ করা।
- প্রকল্পটি ২১৫৬৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.১২ শেখ কামাল ভিলেজ ডিজিটাল হাব স্থাপন প্রকল্প

গ্রামীণ পর্যায়ে প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো স্থাপন এবং তরুণদের তথ্যপ্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি, ই-কমার্স, এফ-কমার্সে আগ্রহী, দক্ষ, সক্ষম করে গড়ে তোলা ও প্রান্তিক পর্যায়ে অনলাইনভিত্তিক ক্ষুদ্র ব্যবসাসমূহের উন্নীতকরণপূর্বক তাদের আত্মকর্মসংস্থানে সহায়তার মাধ্যমে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

**বাস্তবায়নকাল** : ০১ জানুয়ারি ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত।
**প্রকল্প এলাকা** : সকল উপজেলার নির্বাচিত গ্রাম।

**লক্ষ্যমাত্রা**

- সারাদেশে ২০,০০০টি গ্রামে ভিলেজ ডিজিটাল হাব স্থাপন।
- ২০,০০০ গ্রাম হতে মোট ২০,০০০ জন যুবককে আইসিটি উদ্যোক্তা (ICT Enterpreneur) হিসেবে গড়ে তোলা।
- তৃণমূল পর্যায়ের ৯৬০০০০ জন যুবকে Basic Computing, Operating System, E-Commerce, F-Commerce and Programming Concept বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- প্রকল্পটি ১৮০৬৬৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।

## ১৩.১৩ আসিয়ান সদস্য দেশসমূহে যুব বিনিময় কর্মসূচি

**কর্মসূচির উদ্দেশ্য**

- বাংলাদেশ ও আসিয়ানভুক্ত দেশ সমূহে যুব বিনিময় কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে যুবদের মধ্যে সুদৃঢ় বন্ধন গড়ে তোলা;
- আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধি, সামাজিক অগ্রগতি এবং সাংস্কৃতিক উন্নয়ন সম্পর্কে জ্ঞান অর্জন ও তথ্য বিনিময় করা;
- বাংলাদেশ ও আসিয়ানভুক্ত দেশসমূহের মধ্যে বৈচিত্রময় সামাজিক ও সাংস্কৃতিক চেতনায় একই মূল্যবোধ প্রবর্তন করা।

**যৌক্তিকতা**

দক্ষিণ-পূর্ব এশিয়ার গুরুত্বপূর্ণ আঞ্চলিক সংস্থা Association of Southeast Asian Nations (ASEAN) Sectoral Dialogue Partner (SDP) হিসেবে বাংলাদেশের অন্তর্ভুক্তির লক্ষ্যে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক প্রস্তাবিত যুব বিনিময় কর্মসূচির আওতায় প্রতিবছর বাংলাদেশ থেকে ১০ জন যুব একটি আসিয়ান রাষ্ট্রে সপ্তাহব্যাপী সফরে প্রেরণ এবং আসিয়ান সদস্য রাষ্ট্রসমূহ হতে ১০ জন যুব'র সপ্তাহব্যাপী সফরে বাংলাদেশে আগমনের কার্যক্রমটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিজস্ব অর্থায়নে একটি প্রকল্প/কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় হতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে প্রস্তাবিত কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। বাস্তবায়নকাল ১ জানুয়ারি ২০২৪ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত এবং প্রকল্পটি ২১৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।